



# বিএম কলেজে শিক্ষার্থীদের বিক্ষোভ

প্রকাশ : ২২ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

## বরিশাল অফিস

তোলার বোরহানউদ্দিনে পুলিশের সঙ্গে সংঘর্ষে গুলিবিদ্ধ হয়ে নিহতের ঘটনার প্রতিবাদে বরিশাল সরকারি বিএম কলেজে বিক্ষোভ মিছিল হয়েছে। সাধারণ শিক্ষার্থীদের ব্যানারে সোমবার বেলা ১১টায় কলেজ ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল শেষে সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়।

এ সময় বঙ্গারা বলেন, ফেসবুকে মহানবীকে নিয়ে কটুভিত্তি করার ঘটনায় তৌহিদী জনতার ব্যানারে রবিবার বেরাহানউদ্দিন দুদগাহ মাঠে শান্তিপূর্ণ কর্মসূচিতে পুলিশ বাধা দেয় এবং গুলি চালালে চারজন নিহত হয়। তারা মহানবীকে কটুভিত্তির নেপথ্যে জড়িতদের দৃষ্টান্তমূলক শান্তি এবং হত্যার নির্দেশনাতাদের আইনের আওতায় আনার দাবি করে হতাহতদের পরিবারকে ক্ষতিপূরণ দেওয়ার দাবি করেন।

---

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

---

